হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর,২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০২১ সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : স্ব স্ব অবস্থান থেকে Zoom Application এর মাধ্যমে Video Conferencing

সভার হাজিরা : Zoom Application এর মাধ্যমে Video Conferencing এ সরাসরি সংযুক্ত সকল সদস্য

সভায় সভাপতি অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ২৪.০৮.২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	-
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	(ক) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর বলেন, এ বছরের এডিপি'র বরাদ্দের প্রকল্পের কাজের জন্য লুকড়া, গোপায়া, রাজিউড়া ও লস্করপুর ইউপি হতে এডিপি'র স্কীম পাওয়া গেলেও রিচি, তেঘারিয়া, পৈল, নিজামপুর ইউপি হতে পাওয়া যায়নি। অন্যদিকে গোপায়া ও রাজিউড়া ইউপি হতে রাজস্ব উদ্বৃত্ত তহবিলের স্কীম পাওয়া গেলেও লুকড়া, রিচি, তেঘরিয়া, পৈল, নিজামপুর ও লস্করপুর ইউপি হতে পাওয়া যায়নি। এব্যাপারে পত্র প্রদান ও মৌখিকভাবে তাগিদ প্রদান করা হয়েছে। ফলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না।	(ক) এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত তহবিলের স্কীম জরুরী ভিত্তিতে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর
		(খ) উপজেলা প্রকৌশলী বলেন যে, নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় নিরদাময়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় নতুন ভবন নির্মাণ স্থলের পুরাতন ঘর ভাঙ্গা হলেও বর্তমানে বিদ্যমান ১টি মরা গাছ থাকায় ঠিকাদার কাজ আরম্ভ করতে পারছেন না। বিষয়টি নিয়ে শিক্ষা অফিসের সাথে যোগাযোগ করেও গাছ অপসারণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। এতে ভবন নির্মাণ কাজ বিঘ্নিত হচ্ছে ও মূল কার্যাদেশের মেয়াদ শেষ হয়ে গিয়েছে। ঠিকাদার কাজটি বাস্তবায়নে প্রস্তুতি থাকা স্বত্ত্বেও মরা গাছ অপসারণ না করায় নির্মাণ কাজ আরম্ভ করা যাচ্ছে না।	(খ) মরা গাছ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার/ এসএমসিকে অনুরোধ করা হয়।	(খ) উপজেলা শিক্ষা অফিসার/সংশ্লিষ্ট এসএমসি, হবিগঞ্জ সদর
		(গ) তিনি আরও বলেন, নিজামপুর ইউনিয়নের বাগুনিপাড়া ঈদগাহ-মির্জাপুর ভায়া বড়চর রাস্তা (রোড আইডি-৬৩৬৪৪৫১১৪) রাস্তার দৈর্ঘ্য ২.৬১ কি:মি:। রাস্তাটি বহু পূর্বে পাকা করা হলেও এলজিইডি'র রোড ইনভেন্টরীতে রাস্তার দৈর্ঘ্য ভুল থাকায় ক্ষতিগ্রস্থ সড়ক মেরামত করা যাচ্ছে না। তাই এলজিইডি'র রোড ইনভেনটরী ও সড়কের গেজেটে দৈর্ঘ্য সংশোধন করা প্রয়োজন।	(গ) রাস্তার দৈর্ঘ্য সংশোধনসহ সড়কটি মেরামত কাজের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

		(ঘ) তিনি বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন ভবনের ছাদে আগাছা ও ঘাস জন্মে ভবনের ছাদ ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। ভবনসমূহ অনেক পুরাতন, ভবনসমূহ মেরামত ও আগাছা পরিস্কার করার জন্য তিনি প্রস্তাব করেন।	(ঘ) রাজস্ব তহবিলের অর্থের দ্বারা উপজেলা পরিষদের ভবন সমূহের ছাদের আগাছা পরিস্কার করার করানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঘ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, কিছু দিনের মধ্যে বোরো মৌসুমে ধান রোপনের কাজ শুরু হবে।	মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, দীর্ঘদিন বন্ধ থাকার পর সরকারের নির্দেশনায় ১২ সেপ্টেম্বর হতে স্কুল-কলেজ খোলা হয়েছে। তিনি বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে ক্লাসে পাঠদানের বিষয়টি নিশ্চিত করার জন্য প্রতিটি বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।	স্বাস্থ্যবিধি অনুসরণ করে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	সহকারী উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, দীর্ঘদিন বন্ধ থাকার পর সরকারের নির্দেশনায় স্কুল-কলেজ খোলা হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা মনিটরিং করা হচ্ছে। তবে স্কুলে শিক্ষার্থীদের উপস্থিতি কম পরিলক্ষিত হচ্ছে। এব্যাপারে অভিভাবকদের বাড়ি গমন করে হোম ওয়ার্ক করা হচ্ছে।	স্বাস্থ্য বিধি মেনে ক্লাসে পাঠদান কার্যক্রম পরিচালনা হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৬	স্বাস্থ্য ও প: প: বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, হবিগঞ্জ সদর ২৫ বছরের উর্ধ্বে যারা কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ করেন নি, তাদেরকে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে ভ্যাকসিন গ্রহণ করার জন্য তিনি আহবান জানান।	কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ করার ব্যাপারে জনসচেতনতা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান(সকল), হবিগঞ্জ সদর
০৭	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিগত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি ৫টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। এতে স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম পরিলক্ষিত হয়। তবে শিক্ষার্থীদের উপস্থিতির হার কম ছিল।	শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কিনা; স্ব স্ব বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি পার্শ্ববর্তী স্কুল-কলেজ সমূহ পরিদর্শন করার জন্য এ উপজেলার সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জ্ঞাপন করা হয়।	বিভাগীয় প্রধান(সকল), হবিগঞ্জ সদর
০৮	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর বলেন, আগামী ৩ অক্টোবর হতে ১৮-২৫ বছর বয়সী ১২জন যুব/যুব মহিলা কৃষককে কৃষি বিষয়ের উপর ১ মাস ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রকৃত যুব/যুব মহিলা কৃষককে উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণের ব্যাপারে ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন।	প্রকৃত যুব/যুব মহিলা কৃষককে উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণের বিষয়টি নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর বলেন, সেপ্টেম্বর,২০২১ পর্যন্ত মোট ১৮টি সমবায় সমিতি তার অফিস কর্তৃক অডিট কাজ সম্পন্ন করা হয়েছে এবং অডিট বাবদ প্রাপ্ত রাজস্ব ১০০% ভাগ সরকারি খাতে জমা প্রদান করা হয়েছে।	সরকারি রাজস্ব যথাসময়ে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	ত্রাণ ও পুনর্বাসন	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, চলতি বছরের কাবিখা প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছে। দ্রুত কাবিখা প্রকল্পের তালিকা প্রেরণ করার জন্য তিনি ইউপি	(ক) কাবিখা প্রকল্পের তালিকা দ্রুত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) প্রতিটি বীর নিবাস প্রাপ্ত	ইউপি চেয়ারম্যান(সকল), হবিগঞ্জ সদর (খ) উপজেলা নির্বাহী

		চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি বলেন, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ১২টি বীর নিবাস নির্মাণ করার কার্যক্রম চলছে।	নকশা ও প্রাক্কলন অনুযায়ী সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১১	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর বলেন, এ মাসে ৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৩ লক্ষ টাকা আদায় হয়েছে।	-	-
১২	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।	-	-
১৩	বিবিধ	(ক) চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের সুপেয় পানির অভাব রয়েছে। তাই পর্যাপ্ত পরিমাণ টিউবওয়েল বরাদ্দ প্রদানের জন্য তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	(ক) সরকারি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে টিউবওয়েল বরাদ্দ প্রদান করা হবে।	(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর
		(খ) চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের রাধানন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চসহ আসবাবপত্রের সংকটে ক্লাস করা সম্ভব হচ্ছে না। তাই উক্ত বিদ্যালয়ে বেঞ্চসহ আসবাবপত্র সরবরাহ করার জন্য প্রস্তাব করেন।	(খ) এডিপি'র শিক্ষা খাতের বরাদ্দ হতে বেঞ্চসহ আসবাবপত্র সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান,নিজামপুর ইউপি,হবিগঞ্জ সদর
		(গ) জনাব মো: দেলোয়ার হোসেন, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, জাইকা প্রকল্প, হবিগঞ্জ সদর সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই কমিটি কর্তৃক ৩টি উপ-প্রকল্প বাছাই করা হয়েছে। প্রকল্পগুলো নিম্নরূপ:- (১) হবিগঞ্জ সদর উপজেলার রিচি গ্রামের (ক) আহসান উল্লার বাড়ি হতে সাজ্জাদ উল্লার বাড়ি (খ) আরাফাত আলীর বাড়ি হতে আ: মালেকের বাড়ি (গ) আব্দুল কাইয়ূম এর বাড়ি হতে আব্দুল আহাদের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেইন নির্মাণ। বরাদ্দ=১০,০০,০০০/-টাকা। (২) হবিগঞ্জ সদর উপজেলার ৮টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে করোনাকালে নিরাপদ প্রসূতি সেবা নিশ্চিতকরণের জন্য লেবার বেড ও চিকিৎসা সামগ্রী বিতরণ;বরাদ্দ ১০,০০,০০০/- টাকা। (৩) (ক) হবিগঞ্জ সদর উপজেলার ছোট বহুলা হতে লুকড়া গ্রাম হয়ে রিচি গ্রাম পর্যন্ত সোলার সড়ক বাতি স্থাপন; বরাদ্দ=৫,০০,০০০/- টাকা (খ) হবিগঞ্জ সদর উপজেলার ৫টি উচ্চ বিদ্যালয় ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া উপকরণ ও ল্যাপটপ বিতরণ; বরাদ্দ=৫,০০,০০০/-টাকা। উক্ত প্রকল্পগুলো অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন।	(গ) বিস্তারিত আলোচনার পর বর্ণিত প্রকল্পগুলো সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।	(গ) উপজেলা প্রকৌশলী/ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, হবিগঞ্জ সদর
		(ঘ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর, উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের সাময়িক বসবাসের জন্য ৩ নং ভবন মেরামত বাবদ= ২৫,০০০/- টাকা; ৩ নং ভবনের পানির পাম্প		

		ক্রয় ও বৈদ্যুতিক লাইন মেরামত বাবদ= ২৪,৭৬০/-টাকা; উপজেলা পরিষদের মনোহারী দ্রব্যাদি ক্রয় বাবদ=৮,০০০/- টাকা; উপজেলা পরিষদের আঙ্গিনা পরিস্কার করণ বাবদ= ৫,০০০/- টাকা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের দরজা জানালা মেরামত বিল বাবদ= ১৮,৫০০/- টাকা অনুমোদনের জন্য প্রস্তাব করেন।		
		(ঙ) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, যুব উন্নয়ন অফিস কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে প্রকৃত কৃষক প্রশিক্ষণার্থী অংশ গ্রহণের বিষয়টি নিশ্চিতকরণের প্রস্তাব করেন। তিনি আরও বলেন, তেঘরিয়া ইউনিয়নের টঙ্গীরঘাট হাওড় বেষ্টিত গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ অবস্থায় ক্লাস করা হচ্ছে, অথচ যেখানে বিল্ডিং এর প্রয়োজন নেই সেখানে বিল্ডিং হচ্ছে। উক্ত বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন।	(ঙ) টঙ্গীরঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঙ) উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
		(চ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, এডিপি'র প্রকল্প গ্রহণ,যাচাই-বাছাই ও মাসিক সভায় অনুমোদনপূর্বক ৩০ অক্টোবরের মধ্যে উপ-পরিচালক, স্থানীয় সরকার বরাবরে প্রেরণের বিধান রয়েছে। তাই নির্ধারিত সময়ের মধ্যে উক্ত কার্যক্রম সম্পন্ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন।	(চ) এডিপি ও রাজস্ব তহবিলের অর্থের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প তালিকা ,দাখিল, যাচাই-বাছাই ও টেন্ডার আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।	(চ) উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান(সকল), হবিগঞ্জ সদর
		(ছ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, সকল দপ্তরের সমন্বয়ের মাধ্যমে উপজেলার সার্বিক উন্নয়ন সম্ভব। তাই নিয়মিত মাসিক সভায় সংশ্লিষ্ট সকলের অংশ গ্রহণ করা প্রয়োজন। কিন্তু ইদানিং দেখা যাচ্ছে, সভায় উপস্থিতির হার অত্যন্ত কম। কেউ যদি যথাযথ উপস্থিতি ও সমন্বয় না করে তবে কাঙ্খিত সেবা প্রদান/ উন্নয়ন সম্ভব হবে না। তিনি তাঁর অফিসের দরজা জানালা মেরামত বাবদ-৭,৮০০/-টাকার বিল পরিশোধ করার জন্য প্রস্তাব করেন।	(ছ) উপজেলা পরিষদের মাসিক সভায় সকল সদস্যকে নিয়মিতভাবে উপস্থিত থাকতে হবে।	(ছ) ইউপি চেয়ারম্যান (সকল)/সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান (সকল),হবিগঞ্জ সদর

১৪। উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ১৩(ঘ),(ছ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্রমিক নং	প্রস্তাবিত ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	আনসার সদস্যদের সাময়িক বসবাসের জন্য ৩ নং ভবন মেরামত বাবদ= ২৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০২	৩ নং ভবনের পানির পাম্প ক্রয় ও বৈদ্যুতিক লাইন মেরামত বাবদ= ২৪,৭৬০/-টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০৩	উপজেলা পরিষদের মনোহারী দ্রব্যাদি ক্রয় বাবদ= ৮,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদের আঙ্গিনা পরিস্কারকরণ বাবদ শ্রমিক মজুরী বাবদ= ৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

০৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের দরজা জানালা মেরামত বিল বাবদ= ১৮,৫০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর
তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০২১

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২১- ৫৬৪ (৪০)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

২৩.০৯.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর